মেহেরপুরে বিদেশি পিস্তল ও গুলিসহ দুই যুবক আটক

মেহেরপুর র্যাব ১২ ক্যাম্পের বিশেষ অভিযানে অস্ত্র ও গুলি সহ দুই যুবককে আটক করা হয়েছে । এ সময় তাদের কাছ থেকে বিদেশী দুটি পিস্তল, ৫ রাউন্ড গুলি উদ্ধার করা হয়

গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে চারটার দিকে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার বাজুডাঙ্গা গ্রামে আল-সালেহ পাবলিক ওয়েলফেয়ার হাসপাতাল সংলগ্ন এলাকায় বিশেষ অভিযান চালিয়ে পিস্তল ও গুলি উদ্ধারসহ তাদের আটক করে র্যাব সদস্যরা। আটককৃতরা হলেন, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার সিদ্দিক আলীর ছেলে সোহাগ হোসেন গিট্টু একই গ্রামের ভাঙ্গাপাড়া এলাকার দিদার মন্ডলের ছেলে মিশন ইসলাম।

র্যাবের পক্ষ থেকে জানায়, বিকালে র্যাবের একটি বিশেষ দল গোপন সংবাদের ভিত্তিত্বে দৌলতপুর এলাকায় অভিযান চালায়। এসময় আটক গিট্টুর কাছ থেকে আমেরিকার তৈরী একটি বিদেশী পিস্তুল, তিন রাউন্ড গুলি ও একটি ম্যাগজিন উদ্ধার হয়। এছাড়া মিশন আলীর কাছ থেকে আফগানিস্তানের তৈরি একটি পিস্তল, ২ রাউন্ড গুলি, ২ রাউন্ড গুলির খোসা উদ্ধার করা হয়।

র্যাব-১২, সিপিসি-৩-এর কোম্পানি কমান্ডার পুলিশ সুপার আল মামুন চিশতী জানান, সন্ত্রাসী কর্মকাণ্ডে ব্যবহারের উদ্দেশ্যে অস্ত্র মজুদের গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। এ সময় তাদের হেফাজত থেকে ১টি আমেরিকার তৈরি পিস্তল ও ১টি আফগানিস্তানের তৈরি রিভলবার সহ ৫ রাউন্ড গুলি উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, আটককৃতদের বিরুদ্ধে সন্ত্রাসী কর্মকাণ্ডসহ একাধিক মামলা রয়েছে। তাদের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে এবং পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য কুষ্টিয়ার দৌলতপুর থানায় হস্তান্তর করা হবে। সোহাগ হোসেন গিট্টুর নামে হত্যা ও অপহরণ মামলাসহ ৪টি এবং মিশনের নামে একটি মারামারি মামলা রয়েছে।

[redacted]

[redacted]

ঝিনাইদহে বিদেশি আনার চাষে কৃষকের সফলতার স্বপ্ন

ঝিনাইদহের মহেশপুর উপজেলার যুগিরহুদা গ্রামে আনার ফলের বাগান গড়ে তুলে সফলতার স্বপ্ন দেখছেন তরুণ উদ্যোক্তা সোহেল রানা আব্দুল্লাহ। বিদেশি জাতের আনার চাষ করে তিনি একদিকে যেমন আর্থিকভাবে স্বাবলম্বী হওয়ার স্বপ্ন দেখছেন, অন্যদিকে স্থানীয়দের মধ্যে জাগিয়েছেন নতুন সম্ভাবনা।

জানা যায়, ২০২১ সালে ইউটিউব ভিডিও দেখে অনুপ্রাণিত হয়ে পাশ্ববর্তী জেলা থেকে ভারতীয় ভাগওয়া জাতের ৯১টি চারা সংগ্রহ করে এক বিঘা জমিতে রোপণ করেন আব্দুল্লাহ। গাছ লাগানোর দুই বছর পর থেকেই ফুল আসা শুরু হয়। বর্তমানে তার পুরো বাগান ভরে গেছে ফলে ফলে। একেকটি গাছে ৩০ থেকে ৮০টি পর্যন্ত আনার ধরছে। বাগান দেখতে প্রতিদিন দূর-দূরান্ত থেকে লোকজন ভিড় জমাচ্ছে। ফলগুলো লালচে-সবুজ আভা ছড়িয়ে ঝলমল করছে, যেন প্রকৃতির ক্যানভাসে আঁকা রঙিন তুলির আঁচড়।

স্থানীয় কৃষক আজিজুল হক বলেন, শুরুতে আমরা ভেবেছিলাম এই মাটিতে আনার হবে না। কিন্তু এখন দেখছি ফলনে ভরপুর গাছ। দেখে মনটা ভরে যায়।

দর্শনার্থী কলেজছাত্র আশিকুর রহমান জানান, ফেসবুকে ছবি দেখে এসেছি। সত্যিই চোখধাঁধানো দৃশ্য। মনে হয় যেন কাশ্মীরের কোনো বাগান।

উদ্যোক্তা সোহেল রানা আব্দুল্লাহ বলেন, প্রথমে অনেকেই নিরুৎসাহিত করেছিল। তবে আমি হাল ছাড়িনি। স্থানীয় বাজারে আনারের চাহিদা ভালো থাকায় আশা করছি এ মৌসুমেই দেড় থেকে দুই লাখ টাকার ফল বিক্রি করতে পারব। ভবিষ্যতে আরও জমি নিয়ে আনার চাষ বাড়ানোর পরিকল্পনা আছে।”

এ ব্যাপারে মহেশপুর উপজেলা কৃষি কর্মকর্তা ইয়াসমিন সুলতানা বলেন, আনার বাংলাদেশের আবহাওয়ায় একটি নতুন সম্ভাবনা। আমরা উদ্যোক্তাদের পাশে আছি। আব্দুল্লাহর সফলতা অন্যদেরও অনুপ্রাণিত করবে।”

আব্দুল্লাহ’র এমন সাফল্যে গ্রামজুড়ে শুরু হয়েছে আলোচনার ঝড়। প্রথমদিকে সমালোচকরা এখন উৎসাহ পাচ্ছেন আনার চাষে। ফলে আনার চাষ ঝিনাইদহের কৃষি খাতের নতুন সম্ভাবনার দুয়ার খুলতে পারে।

মহেশপুর সীমান্তে বিদেশি পিস্তল, শর্টগান ও মোটরসাইকেল উদ্ধার

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত থেকে বিজিবি’র অভিযানে বিদেশী পিস্তল, দেশি ওয়ান শুটার গান, গুলি এবং মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

বৃহস্পতিবার (১৭ জুলাই) বিজিবির অতিরিক্ত পরিচালক উপ অধিনায়ক আবু হানিফ মোঃ সিহানুক স্বাক্ষরিত এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান বৃহস্পতিবার সাড়ে ১২টার দিকে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ মাটিলা বিওপি’র জেসিও-৮৯০২ সুবেদার শরীফ মনিরুজ্জামান এর নেতৃত্বে দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৫১/৬-এস হতে আনুমানিক ৮০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে জুলুলী গ্রামের মোঃ রিপন বিশ্বাস (৩৫) এর ড্রাগন বাগানের দক্ষিণ পাশে পাঁকা রাস্তার উপর চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করার সময় একটি মোটরসাইকেলকে চ্যালেঞ্জ করলে চালক মোঃ লিটন মিয়া (পিচ্চি লিটন) (২১) পিতা- ওলিয়ার রহমান, গ্রাম-জীবননগর পাড়া, পোস্ট-সামান্তা, থানা- মহেশপুর, জেলা-ঝিনাইদহ) মোটরসাইকেল ফেলে পালিয়ে যায়। উক্ত স্থান হতে বিজিবি টহল দল কর্তৃক ০১টি বিদেশী পিস্তল, ০১টি দেশী ওয়ান শুটারগান, ০৬ রাউন্ড গুলি এবং ০১টি মোটরসাকেল উদ্ধার করে। আটককৃত অস্ত্র, গুলি এবং মোটরসাইকেল মহেশপুর থানায় জমা করার কার্যক্রম প্রক্রয়াধীন রয়েছে।

কুষ্টিয়ার দৌলতপুরে বিদেশি পিস্তল, গুলি ও ম্যাগজিনসহ ৩ জন আটক

কুষ্টিয়ার দৌলতপুরে পুলিশের অভিযানে বিদেশি পিস্তল, গুলি ও ম্যাগজিনসহ ৩ জন আটক হয়েছে।

গতকাল শনিবার রাতে দৌলতপুর উপজেলার হোগলবাড়ীয়া ইউনিয়নের জয়রামপুর এলাকায় চেক পোষ্ট বসিয়ে অস্ত্র ও গুলিসহ তাদের আটক করা হয়।।

আটককৃতরা হলো কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) থানার দুর্বাচরা এলাকার আব্দুল হাকিম ওরফে আকমলের ছেলে মো. আশিকুজ্জামান (৩২), একই এলাকার মো. শহিদুল ইসলামের ছেলে মো. আবু জাফর (৩২) ও রবিউল সরদারের ছেলে মো. রাসেল হোসেন (২৫)।

দৌলতপুর থানা পুলিশ সূত্র জানায়, কুষ্টিয়া-প্রাগপুর সড়কের জয়রামপুর এলাকায় পুলিশের অস্থায়ী চেক পোষ্টে তল্লাশী অভিযান চলাকালে একটি সিএনজি থামিয়ে তাতে তল্লাশী চালানো হয়। এসময় সিএনজিতে থাকা যাত্রী বেশে মো. আশিকুজ্জামান,নমো. আবু জাফর ও মো. রাসেল হোসেনকে ১টি বিদেশি পিস্তল, ৬ রাউন্ড গুলি ও ১টি ম্যাগজিনসহ আটক করে পুলিশ।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) মো. নাজমুল হুদা বলেন, প্রতিদিনের ন্যায় পুলিশি চেক পোষ্টে একটি সিএনজিতে ৩জন যাত্রীবেশে অস্ত্র পাচারকালে পুলিশের সন্দেহ হলে তাতে তল্লাশি চালানো হয়। এসময় তাদের কাছে থেকে অস্ত্র, গুলি ও ম্যাগজিন উদ্ধার করা হয়। এ ঘটনায় থানায় অস্ত্র আইনে মামলা হয়েছে।

কুষ্টিয়ায় বিদেশি পিস্তল ও দুই রাউন্ড গুলিসহ আটক-২

কুষ্টিয়ায় গোয়েন্দা (ডিবি) পুলিশের বিশেষ অভিযানে বিদেশী পিস্তল ও দুই রাউন্ড গুলিসহ রনি (২০) ও ওহিদুল ইসলাম (২১) নামের দুইজনকে আটক করেছে।

রবিবার (২১ আগস্ট) দুপুরের দিকে কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার হোগলবাড়ীয়া ইউনিয়নের গাছের দিয়াড় গ্রামের আসরাফ মোড় এলাকা থেকে তাদের আটক করা হয়৷

আটককৃতরা হলেন ভেড়ামারা উপজেলার দোলুয়া গ্রামের আসমত আলীর ছেলে রনি ও একই এলাকার জোয়াদ আলীর ছেলে ওহিদুল ইসলাম।

পুলিশ জানায়, কুষ্টিয়া ডিবি পুলিশের অফিসার ইনচার্জ (ওসি) নাসির উদ্দীনের নেতৃত্বে এসআই অরুণ কুমার, এএস আই আশরাফুল ইসলাম সহ ডিবির একটি চৌকস অভিযানিক দল দৌলতপুর গাছেরদিয়াড় এলাকায় কয়েকজন অবৈধ অস্ত্র নিয়ে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে তাদেরকে আটক করে। এসময় তাদের দেহ তল্লাশি করে একজনের কোমরে গোঁজা দুই রাউন্ড গুলি সহ একটি বিদেশি পিস্তল উদ্ধার করা হয়।

এ বিষয়ে কুষ্টিয়া ডিবি পুলিশের অফিসার ইনচার্জ নাসির উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে দুইজন ব্যাক্তিতে বিদেশি পিস্তল ও দুই রাউন্ড গুলি সহ আটক করা হয়েছে। আসামীদের বিরুদ্ধে দৌলতপুর থানায় অস্ত্র আইনে মামলার প্রস্তুতি চলছে।